

৪৬ শিক্ষা

পরীক্ষা পদ্ধতি : শিক্ষা সচিবকে উকিল নোটিস

ইত্তেফাক রিপোর্ট :
একমুখী শিক্ষা স্থগিতের সিদ্ধান্তকে বাণিত
জানালেও কাঠামোগত প্রশ্নের মাধ্যমে পরীক্ষা
পদ্ধতি সংস্কারের সিদ্ধান্ত শিক্ষকে ধ্বংস করার
পাশ্চাত্যারা বলে অভিহিত করেছেন
অভিভাবকরা। শিক্ষা কার্যক্রমের এ সংস্কার এ
সময়ের জন্য মোটেই (১৯শ পৃঃ ১-এর কঃ ৫ঃ)

পরীক্ষা পদ্ধতি (২০শ পৃঃ পর)

প্রয়োজ্য নয় বলেও তুরা জানান।

২০০৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা থেকে শিক্ষার এ নতুন পদ্ধতি কার্যকরের সিদ্ধান্ত নেয়া হয়। গত ১৮ জুন শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি গেজেট প্রকাশ করে। গেজেটে উল্লেখ আছে, বিন্যাসগত শিক্ষা-শিখনে কার্যক্রম ও অভ্যন্তরীণ পরীক্ষার এই সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করা হবে। অভিভাবকদের অভিযোগ, বছরের মাকপথে সরকারের এ সিদ্ধান্ত শিক্ষক অভিভাবকদের বিশাতে ফেলেছে। সরকারের এ সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে গত ৮ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, মুগ্ধ-সচিব (আধ্যাতিক) ও শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে (মাধ্যমিক) উকিল নোটিস পাঠিয়েছে শান্তিবাগের অভিভাবক অ্যাগা মাসুদ। ১০ দিনের মধ্যে কাঠামোগত পরীক্ষা পদ্ধতির সিদ্ধান্ত বাতিল না করলে এ ব্যাপারে উচ্চ আদালতে রিট করাবেন তিনি।

২০০৯ সালের এসএসসি পরীক্ষার্থীরা এখন নবম শ্রেণীতে অধ্যয়ন করছে। বছরের আর্থে সময় শেষ হয়ে গেছে। অভ্যন্তরীণ নুটি পরীক্ষা শেষ পর্যায়। অঞ্চল ভুলগুলোতে এখনও কাঠামোগত প্রশ্নের আন্দোলনে শিক্ষা-শিখনে কার্যক্রম ও অভ্যন্তরীণ পরীক্ষার বিষয়গুলো তরু হয়নি। কবে নাগাদ তরু হবে সে সম্পর্কে ছাত্র-ছাত্রী, তাদের অভিভাবক, এমনকি শিক্ষকরাও অবহিত নন। এ পদ্ধতিতে সিলেবাস কেমন হবে সে সম্পর্কে ধারণা নেই প্রধান শিক্ষকেরও। এ ব্যাপারে রাজধানীর কয়েকটি স্কুলের প্রধান শিক্ষকের সম্মুখে যোগাযোগ করলে তারা এ ব্যাপারে আপত্তি উত্থিয়ে বলেছেন, বছরের মাকপথে সরকারের এ সিদ্ধান্ত নেয়া উচিত হয়নি। এ পদ্ধতি কার্যকর করতে নতুন সিলেবাস প্রণয়ন করতে হবে। শিক্ষকদের প্রশিক্ষণ নিতে হবে। ছাত্র-ছাত্রীদের পূর্ণ ধারণা দিতে হবে। অঞ্চল এ সম্পর্কে শিক্ষকদের ধারণা নেই। শিক্ষকদের এখনো প্রশিক্ষণ হয়নি। অভিভাবক ও শিক্ষকদের অভিযোগ, বছরের মাকপথে স্থগিত একমুখী পরীক্ষা পদ্ধতি নতুন করে স্থগিত করে কাঠামোগত প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের নামে শিক্ষা পদ্ধতি ধ্বংস করার পাশ্চাত্যারা করা হচ্ছে। এ ব্যাপারে মুগ্ধসচিব মোঃ নজরুল ইসলাম খান বলেন, কাঠামোগত পদ্ধতি কোন কঠিন বিষয় নয়। বিষয়টি সহজ। কোন কিছু নতুনভাবে চালু করতে হলে প্রথমে একটি সমসায়তা হবেই।